



বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট  
নশিপুর, দিনাজপুর-৫২০০  
Bangladesh Wheat and Maize Research Institute  
Nashipur, Dinajpur-5200  
www.bwmri.gov.bd

কৃষিই সমৃদ্ধি



টেলিফোন : ০২৮৮৮১৭৭৩০

ই-মেইল : dg.bwmri@gmail.com

স্মারক নং-১২.২৬.০০০০.০০১.৪১.০০১.২১-৯০৯

তারিখ: ২৮/১২/২০২১খ্রি.

## নোটিশ

বিষয়: মোবাইল ফোনে ক্ষুদে বার্তা প্রেরণের ব্যবস্থা সম্পর্কে অবহিতকরন


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট এর সেবা প্রক্রিয়া সহজ করার উদ্দেশ্যে ইনস্টিটিউটের প্রযুক্তিগত তথ্য স্টেকহোল্ডারদের মাঝে প্রেরণের নিমিত্তে মোবাইল ফোনে ক্ষুদে বার্তা প্রেরণের ব্যবস্থা করা হয়েছে। এখন হতে নিম্নলিখিত মাস্কিং প্রেরকের মাধ্যমে তথ্য প্রেরণ করা হবে:

ক্রমিক নং	মাস্কিং নাম	বিষয়
১	BWMRI	ইনস্টিটিউটের সাধারণ তথ্যাবলী এই প্রেরকের মাধ্যমে প্রেরণ করা হবে
২	BWMRI Wheat	গম সম্পর্কিত তথ্যাবলী এই প্রেরকের মাধ্যমে প্রেরণ করা হবে
৩	BWMRI Maize	ভূট্টা সম্পর্কিত তথ্যাবলী এই প্রেরকের মাধ্যমে প্রেরণ করা হবে

উক্ত ক্ষুদে বার্তার মাধ্যমে বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউটের জরুরী বার্তাসমূহ স্টেকহোল্ডার যেমন: কৃষক, কৃষি সম্প্রসারণ কর্মী (পাবলিক ও প্রাইভেট) এবং বীজ উৎপাদনের সাথে সম্পৃক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছে প্রেরণ সহজতর হবে। মোবাইল ফোনে ক্ষুদে বার্তা প্রেরণের নিমিত্তে ইনস্টিটিউট এর কাছে ইতোমধ্যে প্রায় ২৫০০ অগ্রসরমান গম ও ভূট্টা চাষীসহ অন্যান্য স্টেকহোল্ডারদের মোবাইল নম্বরসহ ডাটাবেজ সংরক্ষিত আছে। প্রতিবছর প্রশিক্ষণ গ্রহণ করা চাষীসহ সেবা গ্রহীতাবৃন্দ এ ডাটাবেজে অন্তর্ভুক্ত হয়। সহজতরকৃত সেবাটি ইতোমধ্যে ৭০টি মোবাইল নম্বরে গত ১৫ই ডিসেম্বর ২০২১ তারিখে পরীক্ষামূলকভাবে প্রেরণ করা হয়েছে (সংযুক্তি)। এ ব্যাপারে সকল বিজ্ঞানীদের সহযোগীতা কামনা করছি।

### সংযুক্তি:

- ১। ক্ষুদে বার্তা পোর্টালের স্ক্রীনশট
- ২। বার্তা প্রেরণের তারিখ ও সময়সহ রিপোর্টের কপি
- ৩। মোবাইলে বার্তার স্ক্রিনশট

  
২৮/১২/২০২১  
মহাপরিচালক

### অনুলিপি:

- ১। সকল বিজ্ঞানী, বিডব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর
- ২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র, বিডব্লিউএমআরআই, রাজশাহী
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র, বিডব্লিউএমআরআই, জামালপুর
- ৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র, বিডব্লিউএমআরআই, গাজীপুর
- ৫। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র, বিডব্লিউএমআরআই, যশোর
- ৬। আইসিটি শাখা, বিডব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর
- ৭। সংশ্লিষ্ট নথি
- ৮। ব্যক্তিগত নথি